কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ
কউক ভবন, সার্কিট হাউজ রোড, কক্সবাজার
www.coxda.gov.bd

**নম্বর:** ২৫.৪৭.২২০০.০০০.০১৪.০৩.০০০১.২৫.৩০৯

তারিখ: ১২ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
২৭ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**সভার নোটিশ**

বিষয়: **কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ (কউক) কর্তৃক বাস্তবায়নাধীন ০২ টি প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটি'র (পিআইসি) সভা প্রসঙ্গে।**

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতায় কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ (কউক) কর্তৃক বাস্তবায়নাধীন নিম্নবর্ণিত চলমান প্রকল্পসমূহের প্রকল্প বাস্তবায়ন কমিটি'র (পিআইসি) সভা **আগামী ০৭/০১/২০২৬ তারিখ বুধবার** চেয়ারম্যান, কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ এর সভাপতিত্বে অত্র দপ্তরের সভাকক্ষে জুম প্লাটফর্মের (Zoom Cloud) মাধ্যমে অনুষ্ঠিত হবে:

| ক্রমিক | প্রকল্পের নাম | সময় |
|---|---|---|
| স্ব-অর্থায়ন | | |
| ১ | "কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষের আবাসিক ফ্ল্যাট উন্নয়ন প্রকল্প-১ (৩য় সংশোধিত)" শীর্ষক প্রকল্প | **সকাল ১০:৩০ ঘটিকায়** |
| জিওবি | | |
| ২ | "ককবাজার জেলার মহাপরিকল্পনা প্রণয়ন (১ম সংশোধিত)" শীর্ষক সমীক্ষা প্রকল্প | **সকাল ১১:৩০ ঘটিকায়** |

২। সংশ্লিষ্ট সকল সংস্থার প্রতিনিধিগণকে যথাসময়ে সভায় Zoom এ সংযুক্ত থাকার জন্য অনুরোধ করা হলো।
সভায় জুম প্ল্যাটফর্মে (Zoom Cloud) যোগদানের আইডি ও পাসওয়ার্ড নিম্নরূপ:
Meeting ID: 46 36 49 24 26
Password: 202020

২৭-১২-২০২৫
লেঃ কর্নেল .আবু নাঈম মোঃ তালাত
সদস্য (প্রকৌশল)
০৩৪১-৫২৭০৬ (ফোন)
info@coxda.gov.bd

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সদস্য (সিনিয়র সচিব), ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা (সংশ্লিষ্ট প্রতিনিধি সভায় Zoom এ সংযুক্ত থাকার অনুরোধ সহ)।
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [বাজেট শাখা (জিওবি-ক্রমিক-২) ও মনিটরিং সেল (স্ব-অর্থায়ন-ক্রমিক ১) এর সংশ্লিষ্ট প্রতিনিধি সভায় Zoom এ সংযুক্ত থাকার অনুরোধ সহ]।
৩। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা (সংশ্লিষ্ট প্রতিনিধি সভায় Zoom এ সংযুক্ত থাকার অনুরোধ সহ)।

৪। সদস্য (সচিব), কার্যক্রম বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা (সংশ্লিষ্ট প্রতিনিধি সভায় Zoom এ সংযুক্ত থাকার অনুরোধ সহ)।
৫। সদস্য (সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা (সংশ্লিষ্ট প্রতিনিধি সভায় Zoom এ সংযুক্ত থাকার অনুরোধ সহ)।
৬। উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), ঢাকা (নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের সংশ্লিষ্ট প্রতিনিধি (জিওবি-ক্রমিক-২) সভায় Zoom এ সংযুক্ত থাকার অনুরোধ সহ)।
৭। অতিরিক্ত সচিব, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা (সংশ্লিষ্ট প্রতিনিধি সভায় Zoom এ সংযুক্ত থাকার অনুরোধ সহ)।
৮। যুগ্মসচিব, পরিকল্পনা ও উন্নয়ন অধিশাখা-৩, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভায় Zoom এ সংযুক্ত থাকার অনুরোধ সহ)।
৯। উপসচিব, পরিকল্পনা ও উন্নয়ন শাখা-৫, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভায় Zoom এ সংযুক্ত থাকার অনুরোধ সহ)।
১০। প্রকল্প পরিচালক, "কক্সবাজার জেলার মহাপরিকল্পনা প্রণয়ন (১ম সংশোধিত)" শীর্ষক সমীক্ষা প্রকল্প, কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ, কক্সবাজার।
১১। প্রকল্প পরিচালক, "কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষের আবাসিক ফ্ল্যাট উন্নয়ন প্রকল্প-১ (৩য় সংশোধিত)" প্রকল্প, কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ, কক্সবাজার।

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। কর্নেল মোহাম্মদ সাদেক মাহমুদ, পিএসসি, প্রকল্প পরিচালক (পরামর্শক প্রতিষ্ঠানের পক্ষে), এডহক কনস্ট্রাকশন সুপারভিশন কনসালটেন্ট, বাংলাদেশ সেনাবাহিনী, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা (জিওবি ক্রমিক-২ প্রকল্পের হালনাগাদ অগ্রগতি বিষয়ক উপস্থাপনার অনুরোধ সহ)।
২। মননীয় উপদেষ্টার একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
৩। সচিবের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। সিস্টেম এনালিস্ট, কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ (০৭/০১/২০২৬ তারিখে জুম কানেকশন সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)।
৫। সহকারী পরিচালক (প্রশাসন), কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ, কক্সবাজার।
৬। পিএ টু চেয়ারম্যান, কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ, কক্সবাজার (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। অফিস কপি, ।

# কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ

কউক ভবন, সার্কিট হাউজ রোড
কক্সবাজার।
www.coxda.gov.bd

**আলোচ্য সূচি-১: "কক্সবাজার জেলার মহাপরিকল্পনা প্রণয়ন (১ম সংশোধিত)" শীর্ষক সমীক্ষা প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) ৮ম সভার কার্যপত্র।**

| | | | |
|---|---|---|---|
| ১. | প্রকল্পের নাম | : | **"কক্সবাজার জেলার মহাপরিকল্পনা প্রণয়ন (১ম সংশোধিত)" শীর্ষক সমীক্ষা প্রকল্প** |
| ২. | বাস্তবায়নকারী সংস্থা | : | কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ |
| ৩. | মন্ত্রণালয়/বিভাগের নাম | : | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় |
| ৪. | প্রকল্পের অবস্থান | : | কক্সবাজার |
| ৫. | প্রকল্পের অর্থের উৎস | : | জিওবি (৫০% জিওবি ঋণ ও ৫০% জিওবি ইক্যুইটি) |

৬. প্রকল্প অনুমোদনের তারিখ:

| **মূল** | **১ম সংশোধিত** |
|---|---|
| ০৬ জুন ২০২১ | ২৭ ডিসেম্বর ২০২২ |

৭. প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকালঃ

| **প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)** | | **বাস্তবায়ন কাল** | | |
|---|---|---|---|---|
| **মূল** | **সংশোধিত** | **মূল** | **১ম সংশোধিত** | **ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি** |
| ১৯৪০৭.০৭ | ১৭৪৭২.৪৭ | এপ্রিল ২০২১ হতে মার্চ ২০২৪ | এপ্রিল ২০২১ হতে জুন ২০২৫ | এপ্রিল ২০২১ হতে জুন ২০২৫ |

৮. প্রকল্পের আরএডিপি বরাদ্দ, অর্থ অবমুক্তি ও বাস্তবায়ন অগ্রগতি:

| **মোট প্রাক্কলিত ব্যয়** | **জুন ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় (লক্ষ টাকায়)** | **চলতি ২০২৫-২৬ অর্থ বছরে এডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় (লক্ষ টাকায়)** | | | **নভেম্বর ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি (%)** | |
|---|---|---|---|---|---|---|
| | | এডিপি বরাদ্দ | অবমুক্তি | ব্যয় | ভৌত | আর্থিক |
| ১৭৪৭২.৪৭ | ১১২৭০.৪২ | ৪৫০০.০০ | ১১২৫.০০ | ৪৭৭.৪৭ | ৮০% | ৬৭.২৩% |

৯. প্রকল্প ব্যয়ের সারসংক্ষেপ: (লক্ষ টাকায়)

| **অর্থনৈতিক কোড** | **ব্যয়ের বিবরণ** | **মোট সংস্থান (জিওবি)** | **জুন ২০২৫ পর্যন্ত ব্যয়** | **২০২৫-২৬ অর্থ বছরে নভেম্বর ২০২৫ পর্যন্ত ব্যয়** | **প্রকল্পের শুরু হতে নভেম্বর ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয়** | **নভেম্বর ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি (%)** |
|---|---|---|---|---|---|---|
| ৩৮২৩১০১ | আবর্তক ব্যয় | ১৬৫৩৪.২২ | ১০৬১৭.৮৭ | ৪৭৭.৪৭ | ১১০৯৫.৩৪ | ৬৭.১০% |
| ৪২১১১০১ | মূলধন ব্যয় | ৭৪৬.১০ | ৬৫২.৫৫ | - | ৬৫২.৫৫ | ৮৭.৪৬% |
| | **মোট ব্যয়** | **১৭২৮০.৩২** | **১০৬১৭.৮৭** | **৪৭৭.৪৭** | **১১৭৪৭.৮৯** | **৬৭.৯৮%** |
| | **প্রাইজ কন্টিনজেন্সি** | **১৯২.১৫** | - | - | - | - |
| | **সর্বমোট** | **১৭৪৭২.৪৭** | **১১২৭০.৪২** | **৪৭৭.৪৭** | **১১৭৪৭.৮৯** | **৬৭.২৩%** |

১৩। উদ্ভূত সমস্যাসমূহ ও তার সমাধানঃ

| ক্র. | আলোচ্য বিষয় | বিস্তারিত |
|---|---|---|
| ১। | সার্ভে হতে প্রাপ্ত চূড়ান্ত তথ্য-উপাত্তের Working Paper উপস্থাপনা। | হালনাগাদ কর্মপরিকল্পনা মোতাবেক প্রকল্পের অধীন সকল সার্ভে হতে প্রাপ্ত চূড়ান্ত তথ্য-উপাত্তের Shape File, geodatabase file with accurate attribute information, MXD ও MPK files of Map layouts এবং খসড়া মাস্টার প্ল্যানের Thematic Map, Suitability Analysis সহ Working Paper দাখিল ও উপস্থাপনা ২৪/১২/২০২৫ তারিখের মধ্যে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলেও অদ্যাবধি তা সম্পন্ন করা হয়নি বিধায় প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নে অন্তরায় হচ্ছে। |
| ২। | কর্মপরিকল্পনা মোতাবেক প্রকল্পের কার্যক্রম সম্পন্ন না হওয়া প্রসঙ্গে। | হালনাগাদ কর্মপরিকল্পনা মোতাবেক প্রকল্পের অধীন "Stakeholder Engagement and Visioning" কার্যক্রম গত ১৯/০৬/২০২৫ তারিখের মধ্যে সম্পন্ন এবং "Stakeholder Engagement and Strategy Formulation" এর কার্যক্রম ২৪/১২/২০২৫ তারিখের মধ্যে সম্পন্নের জন্য নির্ধারিত থাকলেও অদ্যাবধি তা সম্পন্ন করা হয় নাই। এছাড়াও আগামী ৩১/১২/২০২৫ তারিখের মধ্যে Draft Master Plan দাখিলের জন্য নির্ধারিত রয়েছে কিন্তু অক্টোবর ২০২৫, নভেম্বর ২০২৫ এবং ডিসেম্বর ২০২৫ মাসে অনুষ্ঠিত অগ্রগতি পর্যালচনা সভা হতে প্রতীয়মান হয় যে, Draft Master Plan এর সাথে সংশ্লিষ্ট কার্যক্রম যেমন "Assessment and Integration of inputs from Stakeholder", Urban Design Framework Plan, Public Sector investment Action Plan, Infrastructure investment Plan ইত্যাদি কার্যক্রম অধ্যাবধি সম্পন্ন হয়নি বিধায় প্রকল্প কাজের গুণগত মান বজায় রেখে নির্ধারিত সময়ে সমাপ্তিকরণ বিঘ্নিত হবে। |

২৩/১২/২০২৫

Tayfur Rahman
Assistant Town Planner
Cox's Bazar Development Authority (CoxDA)

২৩/১২/২৫

মো: তানভীর হাসান রেজাউল
প্রকল্প পরিচালক
"কক্সবাজার জেলার মহাপরিকল্পনা প্রণয়ন" প্রকল্প
কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ

## কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ

কউক ভবন, সার্কিট হাউজ রোড, কক্সবাজার।

www.coxda.gov.bd

**আলোচ্য সূচিঃ** "কক্সবাজার জেলার সদর উপজেলায় কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ আবাসিক ফ্ল্যাট উন্নয়ন প্রকল্প-১ (৩য় সংশোধিত)" প্রকল্পের উপর প্রকল্প বাস্তবায়ন কমিটির ৯ম সভার কার্যপত্র।

| | | | |
|---|---|---|---|
| ১. | প্রকল্পের নাম | : | কক্সবাজার জেলার সদর উপজেলায় কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ আবাসিক ফ্ল্যাট উন্নয়ন প্রকল্প-১ (৩য় সংশোধিত) |
| ২. | বাস্তবায়নকারী সংস্থা | : | কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ |
| ৩. | মন্ত্রণালয়/ বিভাগের নাম | | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় |
| ৪. | প্রকল্পের অবস্থান | : | কক্সবাজার |
| ৫. | প্রকল্পের অর্থের উৎস | : | নিজস্ব |

৬. প্রকল্প অনুমোদনের তারিখ:

| মূল | ১ম সংশোধিত | ২য় সংশোধিত | ৩য় সংশোধিত |
|---|---|---|---|
| ০৩/০৩/২০১৯ | ৩০/০৯/২০১৯ | ১৯/১০/২০২২ | ৩১/০৮/২০২৫ |

৭. প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকালঃ

| প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | | | | বাস্তবায়ন কাল | | | |
|---|---|---|---|---|---|---|---|
| মূল | ১ম সংশোধিত | ২য় সংশোধিত | ৩য় সংশোধিত | মূল | ১ম সংশোধিত | ২য় সংশোধিত | |
| ১১৮৮৯.১১ | ১৫২৭৫.১৪ | ২৭৯৯১.৮১ | ২০১০৮.০০ | জানুয়ারি ২০১৯ হতে জুন ২০২১ | জুলাই ২০১৯ হতে জুন ২০২২ | জুলাই ২০১৯ .হতে জুন ২০২৫ | জুলাই ২০১৯ হতে জুন ২০২৬ |

৮. প্রকল্পের আরএডিপি বরাদ্দ, অর্থ অবমুক্তি ও বাস্তবায়ন অগ্রগতিঃ

| | |
|---|---|
| জুন ২০২৫ পর্যন্ত মোট আর্থিক অগ্রগতি | ১৬৪৬৫.৪৯ লক্ষ টাকা। |
| জুন ২০২৫ পর্যন্ত মোট ভৌত অগ্রগতি | ৬৭.৪৭ % |
| ২০২৫-২৬ অর্থ বছরের এডিপি বরাদ্দ | ৩১০০.০০ লক্ষ টাকা। |
| ২০২৫-২০২৬ অর্থ বছরের ডিসেম্বর ২০২৫ পর্যন্ত ভৌত অগ্রগতি (%) | ৩০.০০ % |
| ২০২৫-২০২৬ অর্থ বছরের ডিসেম্বর ২০২৫ পর্যন্ত আর্থিক অগ্রগতি | ৮৬৩.২৬ লক্ষ টাকা। (২৮.৬৮ %) |
| প্রকল্পের শুরু থেকে ডিসেম্বর ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি (%) | ৯২.০০ % |
| প্রকল্পের শুরু থেকে ডিসেম্বর ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি | ১৭৩২৮.৭৫ লক্ষ টাকা। (৮৬.১৮%) |

৯. প্রকল্পের অঙ্গভিত্তিক ব্যয় বিভাজন নিম্নে দেওয়া হলোঃ

(লক্ষ টাকায়)

| ইকনমিক সাব-কোড | ইকনমিক সাব-কোড অনুযায়ী অঙ্গের বিবরণ | একক | পরিমাণ | প্রাক্কলিত ব্যয় | ডিসেম্বর, ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় |
|---|---|---|---|---|---|
| **(ক) রাজস্ব** | | | | | |
| ৩২২১১০৫ | মাটি পরীক্ষা ও ডিজিটাল সার্ভে | থোক | ১.০০ | ২৫.০০ | ২১.৬৭ |
| ৩২১১১২৫ | প্রকাশনা ও বিজ্ঞপ্তি | থোক | ১.০০ | ৩০.০০ | ২৫.২৪ |
| ৩২৫৭১০১ | স্থাপত্য,কাঠামোগত, বৈদ্যুতিক এবং প্লাম্বিং নকশা, পরিবেশ ও অন্যান্য ছাড়পত্র এবং কনসালটেন্সি ফি | থোক | ১.০০ | ১২৫.০০ | ১২৪.৪৬ |
| ৩১১১৩৩২ | সম্মানী | থোক | ১.০০ | ১৫.০০ | ৮.১১ |
| ৩২৫৫১০২ | কম্পিউটার, প্রিন্টিং ও ফটোকপি | থোক | ১.০০ | ১০.০০ | ২.৭১ |
| | | | **উপ-মোট (রাজস্ব)** | **২০৫.০০** | **১৮২.৩৭** |
| **(খ) মূলধন** | | | | | |
| ৪১১১১০১ | ৪টি ১৫ তলা আবাসিক ভবন নির্মাণ - ১টি বেজমেন্টসহ (ফাউন্ডেশন ও সুপার-স্ট্রাকচার), সাব-স্টেশন ভবন, পাম্প হাউজ এবং আনুষঙ্গিক পূর্ত কাজ | বর্গফুট | ৪৩০২৭১.০০ | ১৩১৫৬.০০ | ১২৪৭৪.৮৪ |

মোঃ আবদুল্লা
প্রকল্প পরিচালক
"কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ
আবাসিক ফ্ল্যাট উন্নয়ন প্রকল্প-১"



CamScanner

| ইকনমিক সাব-কোড | ইকনমিক সাব-কোড অনুযায়ী অঙ্গের বিবরণ | একক | পরিমাণ | প্রাক্কলিত ব্যয় | ডিসেম্বর, ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় |
|---|---|---|---|---|---|
| ৪১১১২০১ | ১ টি ১০ তলা বানিজ্যিক ভবন নির্মাণ-১টি বেজমেন্টসহ (ফাউন্ডেশন ও সুপার-স্ট্রাকচার) | বর্গফুট | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৪১১১৩০৯ | পয়ঃনিষ্কাশন ও পানি সরবরাহ ব্যবস্থা | বর্গফুট | ৪৩০২৭১.০০ | ৬৫৫.০০ | ৬২৮.৮১ |
| ৪১১২৩০৩ | বিদ্যুতায়ন | বর্গফুট | ৪৩০২৭১.০০ | ৮৪০.০০ | ৪৩১.৭৬ |
| ৪১১২৩১৩ | সাব-স্টেশন যন্ত্রাংশ, সোলার প্যানেল, জেনারেটর, লিফট এবং অন্যান্য বিবিধ সরঞ্জামাদি | সংখ্যা | ১৮.০০ | ১৩৬০.০০ | ৫৭৭.৯৯ |
| ৪১১১৩০৭ | সারফেস ড্রেন নির্মাণ | মিটার | ১০০০.০০ | ২৫০.০০ | ০.০০ |
| ৪১১১৩০৪ | এপ্রোচ রোড নির্মাণ | বর্গ মিটার | ৪০০০.০০ | ১৫০.০০ | ০.০০ |
| ৪১১১৩১৫ | মূল গেইটসহ বাউন্ডারী ওয়াল নির্মাণ | মিটার | ৫০০.০০ | ১০০.০০ | ৮৪.৭৯ |
| ৪১১২৩০৫ | ফায়ার ফাইটিং সিস্টেম (প্রটেকশন, ডিটেকশন, স্পিংলার, হাইড্রেন্ট , এক্সটেনগুইসার ) | সংখ্যা | ১২৮.০০ | ৩৭৭.০০ | ২৪০.০৯ |
| ৪২১১১০১ | জমি ক্রয়, জমি রেজিস্ট্রেশন ও ব্যাংকে মর্গেজ | একর | ২.৯৭ | ২২৪০.০০ | ১৭৩৪.৮৪ |
| ৪২১১১০১ | ঋণ ব্যবস্থাপনা ব্যয় | থোক | ১.০০ | ৭৭৫.০০ | ৭৭৪.৭৩ |
| | | | উপ-মোট (মুলধন) | ১৯৯০৩.০০ | ১৭১৪৬.৩৮ |
| | | | মোট (ক+খ) | ২০১০৮.০০ | ১৭৩২৮.৭৫ |
| | | | (গ) ফিজিক্যাল কনটিনজেন্সি (০.৫%) | ০.০০ | ০.০০ |
| | | | (ঘ) প্রাইজ কনটিনজেন্সি (০.৫%) | ০.০০ | ০.০০ |
| | | | মোট (ক+খ+গ+ঘ) | ২০১০৮.০০ | ১৭৩২৮.৭৫ |

১০. বিগত ২৭/০৫/২০২৫ খ্রিঃ তারিখে (সর্বশেষ) অনুষ্ঠিত প্রকল্প বাস্তবায়ন কমিটির সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতিঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ৩.১ | বাণিজ্যিক ভবন নির্মাণ কাজ বাদ দিয়ে প্রকল্পের মেয়াদ ০১ (এক) বছর বৃদ্ধিপূর্বক ২০১০৮.০০ (দুইশ এক কোটি আট লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে (যা সর্বশেষ অনুমোদিত ২য় সংশোধিত ডিপিপির প্রাক্কলিত ব্যয় ২৭৯৯১.৮১ অপেক্ষা ৭৮৮৩.৮১ লক্ষ টাকা কম) প্রকল্পের প্রস্তাবিত ৩য় সংশোধনী অনুমোদন এর বিষয়ে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট ডেস্কের সাথে নিবিড়ভাবে প্রকল্প পরিচালককে যোগাযোগ রাখতে হবে। | গত ৩১/০৮/২০২৫ খ্রিঃ তারিখে প্রকল্পের ৩য় সংশোধনী অনুমোদন করে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক প্রশাসনিক আদেশ জারী করা হয়। |

**১১. আলোচ্য বিষয়ঃ**

**১১.১ বরাদ্দগ্রহীতাদের নিকট ফ্ল্যাট লীজ প্রদানের নিমিত্ত লীজ দলিল অনুমোদন প্রসঙ্গেঃ**

প্রকল্পের আওতায় বরাদ্দগ্রহীতাদের নিকট ফ্ল্যাট সমূহ লীজ প্রদানের নিমিত্ত খসড়া লীজ দলিল প্রস্তুতকরণের জন্য ০৯ (নয়) সদস্যবিশিষ্ট কমিটি গঠন করা হয়। কমিটি কর্তৃক ২২ অক্টোবর ২০২৫ খ্রিঃ তারিখে খসড়া লীজ দলিল প্রস্তুতপূর্বক দাখিল করা হয়েছে। উক্ত খসড়া লীজ দলিল ০২/১১/২০২৫ খ্রিঃ তারিখে কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষের ২৪তম বোর্ড সভায় উপস্থাপন করা হয়েছে। উক্ত সভায় প্রস্তাবিত খসড়া লীজ দলিল চূড়ান্ত অনুমোদনের জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে গত ২৮/০৯/২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত প্রকল্প স্টিয়ারিং কমিটির সভায় দ্রুত লীজ দলিল অনুমোদনের নিমিত্ত গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। গত ০৩/১১/২০২৫ খ্রিঃ তারিখের ২৫.৪৭.২২০০.০০০.১৪.০৩১.২০/১৭৭০ স্মারকমূলে খসড়া লীজ দলিল সদয় অনুমোদনের জন্য গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

**১১.২ প্রকল্পের আওতায় খালি ফ্ল্যাটসমূহের বরাদ্দ প্রদানের নিমিত্ত প্রণয়নকৃত প্রসপেক্টাস অনুমোদন প্রসঙ্গেঃ**

প্রকল্পের আওতায় বিভিন্ন ধাপে মোট ৩৩৯ টি ফ্ল্যাট বরাদ্দ প্রদান করা হয়। পরবর্তীতে বিভিন্ন সময়ে বরাদ্দগ্রহীতাদের আবেদনের প্রেক্ষিতে মোট ০৬ টি ফ্ল্যাট এর বরাদ্দ বাতিল করা হয়েছে। ফলে বর্তমানে মোট ০৬ টি ফ্ল্যাট অবরাদ্দকৃত অবস্থায় রয়েছে। এছাড়াও অনেক বরাদ্দগ্রহীতা রয়েছেন যারা সঠিক সময়ে কিস্তির অর্থ পরিশোধ করছেন না। তাদের ফ্ল্যাটসমূহ শর্ত মোতাবেক বাতিল হওয়ার সম্ভাবনা রয়েছে। বর্তমান বাজার দরের সাথে সামঞ্জস্য রেখে যেসকল ফ্ল্যাটের বরাদ্দ বাতিল হয়েছে/হবে সেসকল ফ্ল্যাট বিক্রয় করার ক্ষেত্রে প্রতি বর্গফুটে মূল্য ৬৫০০ টাকা নির্ধারণ করে প্রসপেক্টাস এর খসড়া প্রস্তুত করা হয়েছে। গত ০২/১১/২০২৫ খ্রিঃ তারিখে কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষের ২৪ তম বোর্ড সভা অনুষ্ঠিত হয়। খসড়া প্রসপেক্টাসটি উক্ত বোর্ড সভায় অনুমোদিত হয় এবং চূড়ান্ত অনুমোদনের জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। প্রস্তুতকৃত খসড়া প্রসপেক্টাসের সদয় অনুমোদনের জন্য গত ১৭/০৯/২০২৫ খ্রিঃ তারিখের ২৫.৪৭.২২০০.০০০.১৪.০৩১.২০/১৭৫০ স্মারকমূলে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। প্রস্তাবিত প্রসপেক্টাসের উপর পর্যালোচনা সভা গত ৩০/১১/২০২৫ খ্রিঃ তারিখে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। গত ০৮/১২/২০২৫ খ্রিঃ তারিখে উক্ত সভার কার্যবিবরণী জারী করা হয়। উক্ত সভার সিদ্ধান্ত অনুসারে প্রসপেক্টাস পুনর্গঠন করে সদয় অনুমোদনের জন্য গত ১০/১২/২০২৫ খ্রিঃ তারিখের ২৫.১১.২২০০.০০০.১৪.০৩১.২০/১৮৭৫ স্মারকমূলে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

মোঃ আবদুল্লা
প্রকল্প পরিচালক
"কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ
আবাসিক ফ্ল্যাট উন্নয়ন প্রকল্প-১"



CamScanner

**১১.৩ যথাসময়ে কিস্তির টাকা প্রদানে ব্যর্থতার কারণে আরোপিত বিলম্ব ফি জুলাই ২০২২ থেকে জুন ২০২৪ পর্যন্ত সময়ের জন্য মওকুফ করা প্রসঙ্গেঃ**

প্রকল্পের আওতায় মোট ৩৩৯ টি বিভিন্ন সাইজের ফ্ল্যাটকে সাময়িক বরাদ্দপত্র প্রদান করা হয়। সাময়িক বরাদ্দপত্রের ৩ নং শর্তানুযায়ী পরপর ০২ (দুই) কিস্তি নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে ব্যর্থ হলে ৯% হারে বিলম্ব ফি আরোপের বাধ্যবাধকতা রয়েছে। ১৫৪ জন বরাদ্দগ্রহীতার উপর মোট ২,০২,২৮,৪৩৪.৭৮ (দুই কোটি দুই লক্ষ আঠাশ হাজার চারশ চৌত্রিশ দশমিক সাত আট) টাকা বিলম্ব ফি আরোপিত হয়েছে (সংযুক্তি দ্রষ্টব্য)। ফ্ল্যাট বরাদ্দগ্রহীতাগণ আবেদন করেছেন যে, যেহেতু প্রকল্পের ভৌত অগ্রগতি প্রায় ২.৫ বছর বন্ধ ছিল সেহেতু এই সময় অনেক বরাদ্দগ্রহীতা প্রকল্পের নির্মাণ কাজ ভবিষ্যতে চলবে কিনা তা নিয়ে সন্দিহান ছিলেন। ফলে তারা কিস্তির অর্থ প্রদানে নিরুৎসাহিত হন। তাই তারা উক্ত ২.৫ বছর সময়ের জন্য বিলম্ব ফি আরোপ না করার জন্য আবেদন করেন। এমতাবস্থায় আরোপিত বিলম্ব ফি মওকুফের সময়সীমা জুলাই ২০২২ থেকে জুন ২০২৪ পর্যন্ত এই দুই বছর সময়ে প্রকল্প কাজের ভৌত অগ্রগতি প্রায় বন্ধ থাকায় এই দুই বছর সময়ের জন্য বিলম্ব ফি মওকুফ করার জন্য ০২/১১/২০২৫ খ্রিঃ তারিখে আয়োজিত কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষের ২৪তম বোর্ড সভায় উপস্থাপন করা হয়। উক্ত সভায় জুলাই ২০২২ থেকে জুন ২০২৪ পর্যন্ত এই দুই বছর সময়ে প্রকল্প কাজের ভৌত অগ্রগতি প্রায় বন্ধ ছিল বিধায় আরোপিত বিলম্ব ফি এই দুই বছর সময়ের জন্য মওকুফের অনুমোদনের জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। গত ০৩/১১/২০২৫ খ্রিঃ তারিখের ২৫.৪৭.২২০০.০০০.১৪.০৩১.২০/১৭৬৮ স্মারকমূলে মোট ১৫৪ জন বরাদ্দগ্রহীতার উপর আরোপিত মোট ২,০২,২৮,৪৩৪.৭৮ (দুই কোটি দুই লক্ষ আঠাশ হাজার চারশ চৌত্রিশ দশমিক সাত আট) টাকা বিলম্ব ফি জুলাই ২০২২ থেকে জুন ২০২৪ পর্যন্ত সময়ের জন্য মওকুফ করার সদয় অনুমোদনের জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

**১১.৪ ফ্ল্যাটসমূহের পরিচালনা, ব্যবহার ও রক্ষণাবেক্ষণ নীতিমালা অনুমোদন প্রসঙ্গেঃ**

প্রকল্পের আওতায় নির্মিতব্য ও বরাদ্দকৃত ফ্লাটসমূহের জন্য পরিচালনা, ব্যবহার ও রক্ষণাবেক্ষণ নীতিমালার খসড়া প্রস্তুতকরণের জন্য ০৯ (নয়) সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। কমিটি কর্তৃক ৩০ অক্টোবর ২০২৫ খ্রিঃ তারিখে নীতিমালার খসড়া প্রস্তুতপূর্বক দাখিল করা হয়েছে। উক্ত খসড়া নীতিমালা ০২/১১/২০২৫ খ্রিঃ তারিখে কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষের ২৪তম বোর্ড সভায় উপস্থাপন করা হয়েছে। উক্ত সভায় প্রস্তাবিত খসড়া নীতিমালা চূড়ান্ত অনুমোদনের নিমিত্ত গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে গত ২৮/০৯/২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত প্রকল্প স্টিয়ারিং কমিটির সভায় নির্মিতব্য ও বরাদ্দকৃত ফ্লাটসমূহের জন্য পরিচালনা, ব্যবহার ও রক্ষণাবেক্ষণ নীতিমালার খসড়া অনুমোদনের নিমিত্ত গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। গত ০৩/১১/২০২৫ খ্রিঃ তারিখের ২৫.৪৭.২২০০.০০০.১৪.০৩১.২০/১৭৬৯ স্মারকমূলে ৪ ফ্ল্যাটসমূহের পরিচালনা, ব্যবহার ও রক্ষণাবেক্ষণ নীতিমালা সদয় অনুমোদনের জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

**১১.৫ প্রকল্পের আওতায় অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহের বিষয়ে বিস্তারিত পর্যালোচনার জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, পূর্ত অডিট অধিদপ্তর ও কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষের মধ্যকার আয়োজিত ত্রিপক্ষীয় সভা প্রসঙ্গেঃ**

প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থ বছরের ০৫ টি, ২০২২-২৩ অর্থ বছরের ০৪টি এবং ২০২৩-২৪ অর্থ বছরের ০৭টি অর্থাৎ মোট (০৫+০৪+০৭) = ১৬ টি অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহের বিষয়ে বিস্তারিত পর্যালোচনার জন্য কউক অফিসে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, পূর্ত অডিট অধিদপ্তর ও কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষের মধ্যকার একটি ত্রিপক্ষীয় সভা গত ২৩/১২/২০২৫ খ্রিঃ তারিখে কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ অফিসে অনুষ্ঠিত হয়। সভায় ০২টি অডিট আপত্তি নিষ্পত্তি করার সিদ্ধান্ত হয় এবং অবশিষ্ট ১৪ টি অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য পুনরায় ব্রডশীট জবাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত সিদ্ধান্ত মোতাবেক ব্রডশীট জবাব পুনরায় প্রেরণ করা হয়েছে।

Md. Abdulla
22/12/2025

মোঃ আবদুল্লাহ
প্রকল্প পরিচালক
"কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ
আবাসিক ফ্ল্যাট উন্নয়ন প্রকল্প-১"



CamScanner